গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০১৪.১০.০১০.২০১৭ (অংশ-১)-৮৫০ তারিখঃ ০২/০৮/২০১৭

বিষয় ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুনঃ নির্মাণ/বিদ্যমান ভবন সম্প্রসারণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ উপখাতে বরাদ্দ প্রাপ্তির প্রস্তাব প্রেরণ।

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের পরিপত্র নং- স্থাসবি/উপ-২/এম-৫/২০০৮/২১৮৫, তারিখঃ ০২/০৫/২০১১খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে জারীকৃত পরিপত্রের প্রতি দৃষ্টি আর্কষণপূর্বক জানানো যাচ্ছে যে, চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বিবেচনার লক্ষ্যে উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুনঃ নির্মাণ/বিদ্যমান ভবন সম্প্রসারণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ প্রকল্প ও প্রাক্কলনসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব সূত্রোক্ত স্মারকের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ/পরিপালনপূর্বক আগামী ২৭/০৮/২০১৭ তারিখের মধ্যে (সংযুক্ত পরিপত্রে প্রস্তাব প্রেরণের তারিখ ৩০ সেপ্টেম্বর উল্লেখ থাকা সত্ত্বেও) স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে পরিপত্র।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ কার্যার্থে-

১. চেয়ারম্যান (সকল), ...উপজেলা পরিষদ
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল),.......................উপজেলা
৩. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) (সকল), ...উপজেলা পরিষদ
৪. উপজেলা প্রকৌশলী (সকল)....................উপজেলা।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১. বিভাগীয় কমিশনার,.......................বিভাগ (সকল)।
২. জেলা প্রশাসক,...................... (সকল)
৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল)..
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)

F:\OfficeWork1\Miclince\mic letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা

স্মারক নং-স্থাসবি/উপ-২/এম-৫/২০০৮/২১৮৫ তারিখঃ ০২-০৫-২০১১ খ্রিঃ।

পরিপত্র

বিষয় ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ/বিদ্যমান ভবন সম্প্রসারণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ প্রকল্প ও প্রাক্কলন প্রক্রিয়াকরণ।

সূত্র ঃ ১. এ বিভাগের স্মারক নং-স্থাসবি/উপ-২/এম-৯/২০০৪/৭৫০, তাং-২০-১২-২০০৪ খ্রিঃ
২. এ বিভাগ কর্তৃক জারিকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত ১ নং স্মারক বাতিলক্রমে জানানো যাচ্ছে যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের অর্থে উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত ও রক্ষণাবেক্ষণকল্পে ২নং সূত্রে বর্ণিত নির্দেশিকায় এবং ১নং সূত্রের পরিপত্রের প্রকল্প প্রস্তাব ও প্রাক্কলন প্রক্রিয়াকরণের নির্দেশনা দেয়া হয়। প্রতি উপজেলা পরিষদ হতে প্রাপ্ত প্রস্তাব ও প্রাক্কলন উল্লিখিত নির্দেশিকার ৪.গ.২ উপানুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করে। এতে পরিলক্ষিত হয় যে, অধিকাংশ প্রস্তাব ও প্রাক্কলন প্রণয়নে নির্দেশিকা ও পরিপত্রে বর্ণিত নির্দেশনা এবং প্রচলিত বিধান, নিয়ম, রীতি-নীতি অনুসরণ করা হয় না বিধায় প্রস্তাবগুলোর যৌক্তিকতা ও কারিগরি মান ক্ষুন্ন হয়। এছাড়া, প্রাক্কলন ও প্রস্তাবসমূহে সরেজমিনে পরিদর্শনপূর্বক কারিগরি ও অন্যান্য বিষয়ে এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী কর্তৃক মতামত দেয়ার নির্দেশনা থাকলেও তা যথাযথভাবে পালিত হয় না। যথাযথ পদ্ধতি অনুসরণে যৌক্তিকভাবে প্রস্তাব প্রণয়ন করা হয় না। ফলে এ সংক্রান্ত কমিটি অনেক প্রস্তাবই বরাদ্দ প্রদানের সুপারিশের জন্য বিবেচনা করতে পারে না।

২. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ/বিদ্যমান ভবন সম্প্রসারণ/মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দ বিবেচনার সুবিধার্থে নিম্নবর্ণিত দায়িত্ব বন্টন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে ঃ

ক) উপজেলা প্রকৌশলীর দায়িত্ব ঃ

১. (ক) উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত এবং পরিষদের মালিকানাধীন যেসব ভবনের পুনঃনির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ জরুরী ও অপরিহার্য প্রাক্কলনে সেসব ভবনের অঙ্গভিত্তিক কাজের বিবরণ এবং প্রতিটি কাজের সুনির্দিষ্ট অবস্থা (Location) উল্লেখ করতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন একটি আইটেমের সাথে অপর আইটেমের কাজের পূর্বাপর সম্পর্ক বজায় থাকে ;
(খ) বিদ্যমান ভবন পুনঃনির্মাণের ক্ষেত্রে যৌক্তিকতা প্রদর্শন এবং ব্যবহারের অনুপযোগীর বিষয়ে ঘোষণাপত্র সংযুক্ত করতে হবে ;
(গ) বিদ্যমান ভবন সম্প্রসারণের ক্ষেত্রে বাস্তবতার নিরীখে যৌক্তিকতা উল্লেখপূর্বক প্রাক্কলন প্রণয়ন করতে হবে ;

২. পরিষদের মালিকানাধীন নয় বা বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ কর্তৃক নির্মিত বিভাগীয় ভবনসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ প্রাক্কলনের এবং এ বরাদ্দ বিবেচনার আওতাভুক্ত হবে না;

৩. কোন উপজেলার একাধিক ভবনের প্রকল্প প্রস্তাব ৭ লক্ষ টাকার কম এবং ৩০ লক্ষ টাকার বেশী হবে না;

৪. প্রকল্প প্রস্তাবে নতুন ভবন নির্মাণ এবং পরিষদের বিদ্যমান টাইপ প্ল্যানের ব্যত্যয়ে কোন ভবনের উর্ধ্ব বা পার্শ্বমুখী সম্প্রসারণ বা অনুমোদিতভাবে নির্মিত কোন ভবনের মেরামত ও নির্মাণ সমাপ্তির কাজ অন্তর্ভুক্ত করা যাবে না;

৫. প্রতিটি ভবনের জন্য পৃথক পৃথকভাবে প্রস্তুতকৃত প্রাক্কলনে এলজিইডি'র জেলা নির্বাহী প্রকৌশলীর কারিগরী অনুমোদন নিতে হবে ;

৬. সকল প্রাক্কলন একীভূত করে সংশ্লিষ্ট উপজেলার জন্য একটি প্রকল্প প্রস্তাব পেশ করা যাবে। তবে কারিগরি দৃষ্টিকোণ থেকে প্রাক্কলনসমূহ অগ্রাধিকারক্রম অনুসারে (Preference List) প্রস্তুত করতে হবে;

৭. প্রাক্কলন ও প্রকল্প প্রস্তাবসমূহ কারিগরি দৃষ্টিকোণ হতে যথাযথ নিয়ম ও পদ্ধতি অনুসরণে যৌক্তিকভাবে প্রণীত হতে হবে;

৮. মেরামত কাজের পর অপরিহার্য হলে কোন ভবনের ডিস্টেম্পার, স্নোসেম, নবায়ন, বাথরুম নির্মাণ ইত্যাদি কাজ প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা যাবে;

৯. পুরাতন জলছাদ অপসারণ করে জলছাদ পুনঃনির্মাণ বা নতুন জলছাদ নির্মাণ জরুরী হলে তা Standard Design অনুসারে করতে হবে;

১০. যেসব মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ রাজস্ব তহবিলের নির্ধারিত ৫ লক্ষ টাকা অথবা স্থানীয় সরকার বিভাগ হতে সময়ে সময়ে জারিকৃত পরিপত্রের আলোকে ব্যয় সীমায় বাস্তবায়ন সম্ভব সে সব কাজ প্রাক্কলনভুক্ত করা যাবে না;

১১. প্রাক্কলন এমনভাবে প্রস্তুত করতে হবে যেন কোন ভবনের সমূদয় কাজ একসাথে বাস্তবায়ন করা যায় এবং প্রস্তাবিত কাজ বাস্তবায়নের পরবর্তী ৫ বছরের মধ্যে ঐ ভবনের কোন কাজের জন্য এডিপি অর্থায়নের প্রস্তাব করা ও একই কাজে পরবর্তী ৩ বছরের মধ্যে রাজস্ব তহবিলের অর্থ ব্যয় করা যাবে না;

১২. প্রকল্প প্রস্তাবের সাথে প্রতিটি ভবনের নির্মাণ বছর, এ যাবৎ বাস্তবায়িত মেরামত ও সংরক্ষণ কাজ (অন্ততঃ পক্ষে বিগত ৫ বছরে এডিপি বা রাজস্ব তহবিলের অর্থায়নে সম্পাদিত কাজের বিবরণ) ইত্যাদির সংক্ষিপ্ত ইতিহাস সম্বলিত কারিগরি প্রতিবেদন সংযুক্ত করতে হবে;

১৩. উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত প্রাক্কলন, প্রকল্প প্রস্তাব ও কাজের নকশা উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে ১৫ আগষ্ট এর মধ্যে সংশ্লিষ্ট জেলার এলজিইডি'র নির্বাহী প্রকৌশলীর নিকট পৌছানো নিশ্চিত করতে হবে;

১৪. প্রকল্প প্রস্তাবের ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগ হতে বরাদ্দ মঞ্জুরী পাবার পর পিপিআর, পিপিএ এবং প্রচলিত বিধি বিধান অনুযায়ী বিভিন্ন ভবনের কাজসমূহ উম্মুক্ত দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

খ) <u>উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের দায়িত্ব</u> ঃ

১. উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত প্রক্কলন ও নকশা পরীক্ষা-নিরীক্ষা করে যথাযথ পদ্ধতি এবং এ পরিপত্রে প্রদত্ত নির্দেশনা অনুসরণ নিশ্চিত করতে হবে;

২. প্রাপ্ত প্রাক্কলন, প্রস্তাব ও নকশা পরীক্ষান্তে জরুরী ও অপরিহার্য পুনঃনির্মাণ, বিদ্যমান ভবন সম্প্রসারণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজসমূহ অন্তর্ভুক্ত হয়েছে নিশ্চিত হয়ে প্রাক্কলনে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার প্রতিস্বাক্ষর করবেন;

৩. নির্ধারিত সময়ের মধ্যে এলজিইডি'র সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট প্রকল্প প্রস্তাব ও নকশা বিষয়ে কারিগরি অনুমোদন গ্রহণ করবে;

৪. প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণকালে কারিগরি প্রতিবেদন সংযুক্তির বিষয়টি তাঁদের নিশ্চিত করতে হবে। এ পর্যায়ে তাঁদেরকে বিবেচনায় রাখতে হবে যেন জরুরী মেরামত কাজগুলোই প্রস্তাবে অগ্রাধিকার (Preference) ভিত্তিতে অর্ন্তভুক্ত হয়। মনে রাখতে হবে সম্পদ সীমাবদ্ধতার কারণে সব উপজেলায় এবং সব কাজ একসঙ্গে এক বছরে বাস্ত বায়ন দুরূহ হবে;

৫. যেসব প্রাক্কলন ও প্রস্তাবের বিপরীতে এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী কর্তৃক কারিগরি অনুমোদন জ্ঞাপন করা হয়েছে উপজেলা নির্বাহী অফিসার কাজের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনুসারে সেসব প্রাক্কলনের ভবনওয়ারি একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন এবং তা উপজেলা পরিষদের সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন করিয়ে নিবেন;

৬. এরূপে প্রণীত উপজেলার অগ্রাধিকার তালিকা কারিগরি প্রতিবেদনসহ প্রতি বছর ৩০ সেপ্টেম্বর এর মধ্যে বরাদ্দ সুপারিশ কমিটির আহবায়ক ও যুগ্ম-সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ-এর নিকট পৌছানো নিশ্চিত করতে হবে। উক্ত সময়ের পর প্রাপ্ত কোন প্রস্তাব/প্রাক্কলন বরাদ্দের জন্য বিবেচিত হবে না;

৭. প্রচলিত বিধান অনুযায়ী সকল ভবনের কাজ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয় হলে কাজ স্থগিত করে তাৎক্ষণিক এলজিইডি'র সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে অবহিত রেখে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুমোদন নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করবেন।

গ) <u>এলজিইডি'র নির্বাহী প্রকৌশলীর দায়িত্ব</u> ঃ

১. এলজিইডি'র সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রাপ্ত প্রাক্কলন, নকশা, প্রকল্প ইত্যাদি যথাযথ পদ্ধতিতে পরীক্ষা নিরীক্ষা করে যৌক্তিক বিবেচিত হলে কারিগরি অনুমোদন দেবেন। তবে একেবারে অপরিহার্য না হলে বিদ্যমান ভবন সম্প্রসারণ নিরুৎসাহিত করবেন;

২. নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত প্রস্তাব ও প্রাক্কলনসমূহে প্রতি বছর ১৫ সেপ্টেম্বরের মধ্যে কারিগরি অনুমোদন প্রদান নিশ্চিত করবেন;

৩. কারিগরি অনুমোদনের প্রেক্ষিতে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সময়ে সময়ে বাস্তবায়িত কাজ পরিদর্শন করতে পারবেন এবং এর প্রতিবেদন উপজেলা পরিষদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি অঞ্চল এবং জেলা প্রশাসককে প্রদান করতে পারবেন।

ঘ) **বরাদ্দ বিবেচনা কমিটির দায়িত্ব ঃ**

১. উপজেলা পরিষদসমূহ হতে নির্ধারিত সময়ের মধ্যে কারিগরি প্রতিবেদনসহ প্রস্তাবের চাহিদা বিবেচনা করে উপজেলাওয়ারী একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবে। উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ কমিটির নিজস্ব বিবেচনায় অগ্রাধিকার তালিকা তৈরির নির্ণায়ক নির্ধারণ করবে;

২. উক্ত কমিটি অগ্রাধিকার তালিকা অনুযায়ী সম্পদ লভ্যতার নিরিখে বরাদ্দ বিভাজন ও সুপারিশ প্রণয়ন করবে;

৩. বরাদ্দ সুপারিশ প্রণয়নকালে কমিটিকে বিবেচনায় রাখতে হবে যে, প্রাপ্ত বরাদ্দের কোন ভবনের প্রস্তাবিত কাজের অংশ বিশেষ নয়, যেন সমূদয় কাজ নির্ধারিত বছরে শেষ করা যায়;

৪. কমিটি প্রতি বছর ৩০ সেপ্টেম্বর এর পরে প্রাপ্ত কোন চাহিদার প্রস্তাব বিবেচনা করবে না;

৫. প্রতি বছর ৩০ অক্টোবর তারিখের মধ্যে বরাদ্দ সুপারিশ চূড়ান্ত করবে;

৬. কমিটি বা কমিটির যে কোন সদস্য বাস্তবায়িত কাজসমূহের অগ্রগতি সরেজমিনে পরিদর্শনপূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন দেবেন। এছাড়া কমিটি সময়ে সময়ে বাস্তবায়িত কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য বৈঠক করে প্রয়োজনীয় সুপারিশ করতে পারবে।

৩. বর্ণিতখাতে বরাদ্দ বিবেচনার সুবিধার্থে এবং বাস্তবায়ন অধিকতর সহজ, স্পষ্ট ও ত্বরান্বিত করার লক্ষ্যে এ পরিপত্র জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

০৫.০৫.২০১১
(অশোক মাধব রায়)
যুগ্মসচিব
স্থানীয় সরকার বিভাগ

বিতরণ ঃ

কার্যক্রমের জন্য-

১. চেয়ারম্যান (সকল),......................উপজেলা পরিষদ, জেলা................।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল),...............উপজেলা, জেলা..............।
৩. উপজেলা প্রকৌশলী (সকল),..................................উপজেলা।

অবগতির জন্য-

১. কমিশনার (সকল),.....................................বিভাগ।
২. প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল), ...জেলা।
৪. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল)...।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
(পরিপত্রের কপিটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

বাঃসঃমুঃ-২০১০/১১-৫৪২৯কম/এ-৩,০০০ কপি-২০১১।